

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 04-12-2025

Desk inCharge : SDG

Time: 7-35 A.M

Compiling : N.B.R.

DEO : KB

NRT : Namami Basu R.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ রাজ্যে ৩২ হাজার প্রাথমিক শিক্ষকের চাকরী বহাল থাকলেও, এই মামলায় CBI চিহ্নিত অভিযুক্তদের বিরুদ্ধে তদন্ত চলবে বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে।
- ২/ SIR-এর দ্বিতীয় পর্বে খসড়া ভোটার তালিকা প্রকাশের পর শুনানির সময় মাইক্রো অবসার্তার নিয়োগের জন্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী 'ভারতের নির্বাচন কমিশন'-এ চিঠি লিখেছেন।
- ৩/ রাজ্যে দু'হাজারের বেশি বুথে ১০০ শতাংশ এনিউমারেশন ফর্ম জমা পড়ায় নির্বাচন কমিশন রিপোর্ট তলব করার পর, এধরনের বুথের সংখ্যা কমে দাঁড়িয়েছে-২৯।
- ৪/ রাজ্য সরকারের অসহযোগিতার কারণেই, বাংলার চারটি মেট্রো প্রকল্পে নির্মাণ কাজ আটকে রয়েছে বলে লোকসভায় রেলমন্ত্রী জানিয়েছেন।
- ৫/ রাজ্যের প্রায় সর্বত্রই তাপমাত্রার পারদ নিম্নমুখী।
- ৬/ সৈয়দ মুস্তাক আলি ক্রিকেটে আজ বাংলা, সার্ভিসেসের মুখোমুখি হবে।
- # সুপার কাপ ফুটবলের সেমিফাইনালে ইস্টবেঙ্গল আজ পাঞ্জাব এফসি-র মুখোমুখি হবে।

রাজ্যে ৩২ হাজার প্রাথমিক শিক্ষকের চাকরী বহাল থাকলেও, এই মামলায় CBI চিহ্নিত অভিযুক্তদের বিরুদ্ধে তদন্ত চলবে বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে।

সিঙ্গল বেঞ্চ বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের রায় খারিজ করে গতকাল দুই বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং ঋতব্রত কুমার মিত্র-র ডিভিশন বেঞ্চ জানান, তদন্তকারী সংস্থা অনিয়মের পর্যাপ্ত প্রমাণ দিতে পারেনি, শুধুমাত্র তদন্ত চলছে বলেই ৯ বছর চাকরী করার পর তা' কেড়ে নেওয়া যায়না।

একইসঙ্গে বেঞ্চ জানিয়েছে, ২৬৯ ও ৯৪ জনের যে চাকরী সিঙ্গল বেঞ্চ সরাসরি বাতিল করেছিল, সে সংক্রান্ত প্রতিটি অভিযোগের নিষ্পত্তি হবে সিঙ্গল বেঞ্চেই। তাদের বিষয়টি এখনো বিচারাধীন।

উল্লেখ্য, ২০১৪ সালের টেট পরীক্ষায় এই প্রার্থীদের অতিরিক্ত নম্বর দিয়ে পাশ করানো হয়। অ্যাডিশনাল প্যানেল বানিয়ে নিয়োগ করা হয় চাকরীতেও। হাইকোর্ট সেই চাকরী বাতিল করলেও, সুপ্রিম কোর্টের নির্দেশে তারা কাজ চালিয়ে যাচ্ছে। এদের বিরুদ্ধেই তদন্ত চলবে বলে ডিভিশন বেঞ্চ জানিয়েছে।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, এই রায় লক্ষ লক্ষ চাকরী না পাওয়া পরীক্ষার্থীদের হাতে একটি বড় অস্ত্র তুলে দিয়েছে।

(বাইট- শুভেন্দু/ চাকরী রায়)

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR-এর দ্বিতীয় পর্বে খসড়া ভোটের তালিকা প্রকাশের পর আবেদনের নিষ্পত্তিতে হওয়া শুনানির সময় উপযুক্ত নিরাপত্তা বজায় রাখার জন্য রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ভারতের নির্বাচন কমিশনে চিঠি লিখেছেন।

গতকাল মুখ্য নির্বাচন কমিশনারকে পাঠানো ওই চিঠিতে তিনি বলেন, দ্বিতীয় পর্বের SIR-এর কাজ, গোটা প্রক্রিয়ায় অত্যন্ত তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে। চূড়ান্ত ভোটের তালিকা

স্বচ্ছ, নির্ভুল এবং ত্রুটিমুক্ত হবে কিনা, তা'ও নির্ধারণ করবে এই প্রক্রিয়া। এর প্রেক্ষিতে অবিলম্বে মাইক্রো অবসার্ভার নিয়োগ করে শুনানির সময় নজরদারি চালানোর আবেদন জানিয়েছেন তিনি। শুনানির দায়িত্বে থাকা ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার বা ERO রাজ্য সরকারি কর্মী হওয়ায়, স্বচ্ছতা বজায় রাখতে মাইক্রো পর্যবেক্ষক হিসেবে কেন্দ্রীয় সরকারি কর্মী নিয়োগের আবেদন'ও জানানো হয়েছে। একইসঙ্গে জেলা প্রশাসনের মদতে SIR-এর কাজে ব্যাপক দুর্নীতি হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। ভোটার তালিকায় কারচুপি করা হচ্ছে বলেও অভিযোগ করেছেন বিরোধী দলনেতা।

প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি গতকাল বিজেপির এরাজ্যের সাংসদদের সঙ্গে বৈঠক করেন। সাংসদ জগন্নাথ সরকার জানিয়েছেন, বৈঠকে মূলত এসআইআর প্রক্রিয়া যাতে সঠিক ও স্বচ্ছভাবে সম্পন্ন হয়। তার জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা ও তদারকির বিষয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি সাংসদদের নিজস্ব এলাকায় মানুষের সঙ্গে বিশেষ করে যুব সমাজের সঙ্গে সরাসরি সংযোগ জোরদার করা, সাধারণ মানুষের পাশে আরও সক্রিয়ভাবে থাকা ও জনসমস্যার দ্রুত সমাধান নিশ্চিত করার বিষয়গুলি নিয়ে আলোচনা হয়েছে। এছাড়া বিভিন্ন সরকারি উন্নয়নমূলক কর্মসূচি কিভাবে আরও কার্যকরভাবে রূপায়িত করা যায় তা নিয়েও বৈঠকে আলোচনা হয়।

রাজ্যে দু'হাজারের বেশি বুথে ১০০ শতাংশ এনিউমারেশন ফর্ম জমা পড়ায় নির্বাচন কমিশন রিপোর্ট তলব করার পর, এধরনের বুথের সংখ্যা তাৎপর্যপূর্ণভাবে কমে গিয়েছে। জেলা নির্বাচনী আধিকারিকদের পাঠানো সর্বশেষ রিপোর্টে জানানো হয়েছে, একটিও আনকালেস্টেবেল বা অসংগ্রহযোগ্য এনুমারেশন ফর্ম নেই রাজ্যে এমন বুথের সংখ্যা মাত্র - ২৯। এর মধ্যে সর্বাধিক ২০টি বুথ রয়েছে দক্ষিণ ২৪ পরগণা জেলায়।

মালদায়- ৪টি, পুরুলিয়ায় ২টি এবং জলপাইগুড়ি, হাওড়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় ১টি করে বুথ রয়েছে একশ শতাংশ এনিউমারেশন ফর্ম জমা পড়েছে।

রাজ্যের SIR-এর কাজ নির্দিষ্ট নিয়ম মেনেই হচ্ছে নির্বাচন কমিশনের রোল অবজার্ভার সুব্রত গুপ্ত জানিয়েছেন। গতকাল বর্ধমানে জেলাশাসকের দপ্তরে বৈঠকের পর তিনি জানান, রাজনৈতিক দলগুলির সংগে তাঁর আলোচনা হয়েছে। পাশাপাশি প্রতিটি constituency-তে যে ERO-রা আছেন, তাদের সঙ্গেও বিশদে আলোচনা হয়েছে। তিনি আশা প্রকাশ করেছেন দু-একদিনের মধ্যে এনিউমারেশন ফর্ম সংক্রান্ত কাজ অনেকটাই হয়ে যাবে।

(বাইট সুব্রত গুপ্ত)

একই সঙ্গে তিনি বলেছেন, অসংগৃহীত ফর্ম ফেলে রাখা যাবে না, দ্রুত তা সিস্টেমে রেজিস্টার করাতে হবে, অথবা সেটা আন মার্ক হয়ে যাবে। কোনো বাংলাদেশী বা অন্য কোন দেশের নাগরিকের নাম ভোটার তালিকায় থাকলে তা তদন্ত করে বাদ দেওয়া হবে বলেও শ্রী গুপ্ত জানিয়েছেন।

অন্যদিকে, পশ্চিম বর্ধমানের আসানসোলার কল্যাণপুরে জেলাশাসকের দপ্তরে গতকাল কমিশনের রোল অবজার্ভার স্মিতা পাণ্ডের উপস্থিতিতে এসআইআর নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। জেলাশাসক এস পেন্নাবলমের সভাপতিত্বে কমিশন স্বীকৃত সব রাজনৈতিক দল এবং ইআরওরা এই বৈঠকে যোগ দেন। পরে সাংবাদিকদের স্মিতা পাণ্ডে বলেন, সব রাজনৈতিক দলের পরামর্শ শোনা হয়েছে। এসআইআরের কাজে তারা সন্তুষ্ট বলে জানিয়েছেন।

রাজ্যের বাকি জেলার মত উত্তর চব্বিশ পরগনা জেলায় সুষ্ঠু ভাবেই চলছে SIR-এর কাজ। তারই প্রাথমিক ধাপে এনুমেরেশন প্রক্রিয়ার শেষ পর্যায়ের কাজ চলছে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট-পল্লব ঘোষ/ উঃ ২৪ পরগণা)

রাজ্য সরকারের অসহযোগিতার কারণেই, বাংলার চারটি মেট্রো প্রকল্পে ২০ কিলোমিটার পথে নির্মাণ কাজ আটকে রয়েছে বলে কেন্দ্র জানিয়েছে। লোকসভায় গতকাল তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ ব্যানার্জির এক প্রশ্নের জবাবে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন, কোথাও জমি আবার কোথাও বা প্রয়োজনীয় অনুমতির অভাবে প্রকল্পের কাজ শেষ করার ক্ষেত্রে অস্বাভাবিক দেরী হচ্ছে।

জোকা-এসপ্ল্যানেড রুটে খিদিরপুর স্টেশন নির্মাণের জন্য জমি খুঁজে দিতে রাজ্য সরকারের পাঁচ বছরেরও বেশী সময় লেগেছে বলে অভিযোগ করেন তিনি। শ্রী বৈষ্ণো বলেন, ধর্মতলায় বিধান মার্কেট সরানো, উত্তর-দক্ষিণ করিডোরে ব্যারাকপুর পর্যন্ত মেট্রো সম্প্রসারণ করতে না পারা ছাড়াও নিউ গড়িয়া-বিমানবন্দর মেট্রোয় চিংড়িঘাটার কাছে ট্রাফিকের প্রয়োজনীয় অনুমতি না মেলায় উড়াল পথ নির্মাণের কাজ করা যাচ্ছে না। এনিয় হাইকোর্ট নির্দেশ নির্দেশ দিলেও সমস্যার সমাধান হয়নি।

মন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গের জন্য রেলখাতে বাজেট বরাদ্দ ২০০৯ থেকে ১৪ সালের তুলনায় চলতি বছরে তিনগুণ বাড়ানো হয়েছে। মেট্রো রেল ছাড়াও রেলের অন্যান্য পরিকাঠামো উন্নয়নে রাজ্যের জন্য বরাদ্দ হয়েছে প্রায় ১৪ হাজার কোটি টাকা।

চিংড়িঘাটায় মেট্রোরেলের বকেয়া কাজ কিভাবে সম্পন্ন হবে তা নিয়ে রাজ্যের মতামত জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। এ জন্য রাজ্যের এডভোকেট জেনারেলকে আগামী

৮ ডিসেম্বর এই সংক্রান্ত মামলার শুনানিতে হাজির থাকতে নির্দেশ দিয়েছেন ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ।

উল্লেখ্য, চিংড়িঘাটায় মেট্রো রেলের বকেয়া কাজের জন্য দু'দিন রাস্তা বন্ধ রাখার ব্যাপারে রাজ্য কথামতো সহযোগিতা না করায় হাইকোর্টের দ্বারস্থ হয়েছে আরভিএনএল।

রাজ্যের প্রায় সর্বত্রই তাপমাত্রার পারদ নিম্নমুখী। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের দু'ডিগ্রি নীচে। আগামী দু'তিন দিন তাপমাত্রা আরও কমার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এদিকে, উত্তরবঙ্গেও গতকাল থেকেই বিভিন্ন জায়গার সর্বনিম্ন তাপমাত্রা কমেছে।

সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে বাংলা আজ সার্ভিসেসের মুখোমুখি হবে। হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে খেলা শুরু হবে সকাল ১১টায়।

অন্যদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সল্টলেক ক্যাম্পাসের মাঠে আজ হায়দ্রাবাদ, জম্মু ও কাশ্মীরের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সকাল সাড়ে ৮ টায়। একই মাঠে দুপুর ১২ টা ৪০ থেকে বিহার খেলবে গোয়ার বিরুদ্ধে।

ইডেনে আজ সকাল ১১ টা থেকে খেলা শুরু হবে চণ্ডীগড় ও উত্তরপ্রদেশের মধ্যে। বিকেল সাড়ে ৪ টেয় মধ্যপ্রদেশ, মহারাষ্ট্রের মুখোমুখি হবে।

সুপার কাপ ফুটবলের সেমিফাইনালে ইস্টবেঙ্গল আজ গোয়ার মারগাঁওয়ে পাঞ্জাব এফসি-র মুখোমুখি হবে। জহরলাল নেহেরু স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল চারটেয়। গ্রুপ পর্বে ডেম্পো FC-র বিরুদ্ধে প্রথম ম্যাচে ড্র করেছিল ইস্টবেঙ্গল।

দ্বিতীয় ম্যাচে চেন্নাইয়ান FC কে 4-0 গোলে পরাজিত করেছিল ইস্টবেঙ্গল।
